




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
আব্দুলপুর সরকারি কলেজ, নাটোর।
Email: abdulpurcollege@gmail.com
Website: www.abdulpurcollege.edu.bd



জরুরী বিজ্ঞপ্তি

তারিখ : ০৬/১১/২০২৩

এতদ্বারা অত্র কলেজের ২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের উপবৃত্তির জন্য আব্দুলপুর সরকারি কলেজ, নাটোর -এর ওয়েবসাইট (www.abdulpurcollege.edu.bd) থেকে উপবৃত্তির ফরম ডাউনলোড করে সঠিকভাবে পূরণপূর্বক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগামী ১৩/১১/২০২৩ হতে ১৫/১১/২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অত্র কলেজের উপবৃত্তি কমিটির সহায়ক কর্মচারী মোঃ রাকিবুল ইসলাম-এর নিকট (প্রাণিবিদ্যা বিভাগ) পূরণকৃত ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ জমাদানের জন্য বলা হলো।

শর্তাবলী ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবেঃ

- ১। শিক্ষার্থী কর্তৃক সঠিকভাবে পূরণকৃত উপবৃত্তির আবেদন ফরম;
- ২। শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ সংখ্যা);
- ৩। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- ৪। পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা);
- ৫। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফলের ফটোকপি;
- ৬। শিক্ষার্থীর অভিভাবকের(পিতা/মাতা/অন্যান্য) জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খোলা সচল/বৈধ মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক এ্যাকাউন্ট নম্বর;
- ৭। একই মোবাইল ব্যাংকিং অথবা ব্যাংক একাউন্ট নম্বর একাধিক শিক্ষার্থীর ক্ষেত্রে ব্যবহার না করা;
- ৮। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে পিতার নাম প্রদান করতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে মাতার নাম প্রদান করতে হবে। পিতা/মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে অভিভাবক হিসাবে নির্বাচিত করলে তাঁর জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে একাউন্ট খুলতে হবে এবং হিসাবধারীর নাম হিসাবে তাঁর নাম প্রদান করতে হবে;
- ৯। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষার্থীরা এ উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত হবে না;
- ১০। সরকারি অন্য কোন উৎস হতে মেধাবৃত্তি/উপবৃত্তি/শিক্ষাভাতা পেয়ে থাকলে উক্ত শিক্ষার্থী আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবে;
- ১১। উপবৃত্তির জন্য শিক্ষার্থীর তথ্য HSP-MIS-এ এন্ট্রি করলেই উপবৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। আবেদনকারী শিক্ষার্থী প্রদত্ত তথ্যাদি HSP-MIS-এর মাধ্যমে বিশ্লেষণ করে উপবৃত্তি প্রাপ্তির জন্য কেন্দ্রীয়ভাবে শিক্ষার্থী নির্বাচন করা হয়।
- ১২। নিয়মিত শিক্ষার্থী হিসাবে ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিত থাকতে হবে।
- ১৩। উপবৃত্তির জন্য আবেদনকৃত শিক্ষার্থীর অভিভাবকের বার্ষিক আয় মোট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার কম হতে হবে। অভিভাবক/পিতা মাতার মোট জমির পরিমাণ সিটি কর্পোরেশন এলাকায় বসবাসকারী ৫ (পাঁচ) শতাংশ, পৌর এলাকায় ২৫ শতাংশ এবং অন্যান্য এলাকায় ৭৫(পঁচাত্তর)শতাংশের কম জমি থাকতে হবে।

০৬/১১/২০২৩
(প্রফেসর মোঃ সুলতান আলী প্রামানিক-৪৬২৬)
অধ্যক্ষ
আব্দুলপুর সরকারি কলেজ, নাটোর।

০৬/১১/২০২৩
আহবায়ক
উপবৃত্তি ও দরিদ্র তহবিল কমিটি
আব্দুলপুর সরকারি কলেজ, নাটোর